

দৈনিক
ইত্তেফাক

প্রতিদিন তারিখের হোসেন মালিক দ্বাৰা

ভূরঙ্গামারীতে পরীক্ষা কেন্দ্রে দায়িত্বে অবহেলায় ভারপ্রাপ্ত কর্মকর্তা বরখাস্ত

প্রকাশ : ০৫ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

ভূরঙ্গামারী (কুড়িগ্রাম) সংবাদদাতা

ভূরঙ্গামারীতে এইচএসসি (বিএম) পরীক্ষা কেন্দ্রে একজন ছাত্রের উত্তরপত্র পরীক্ষা কক্ষে ফেলে রাখার অভিযোগে ওই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে বরখাস্ত করা হয়েছে।

উপজেলার শহীদ লে. সামাদ নগর টেকনিক্যাল অ্যাড বিজনেস ম্যানেজমেন্ট ইনসিটিউটের ২০১৯ সালের এইচএসসি (বিএম) পরীক্ষা ভূরঙ্গামারী সরকারি কলেজে অনুষ্ঠিত হচ্ছে। গত সোমবার ওই কেন্দ্রে অনুষ্ঠিত বাংলা প্রথমপত্র পরীক্ষায় একজন শিক্ষার্থীর উত্তরপত্র পরীক্ষা কক্ষে ফেলে রেখে অবশিষ্ট উত্তরপত্র সিলগালা করে বোর্ডে পাঠানো হয়। পরেরদিন মঙ্গলবার বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষা চলাকালে কক্ষে উত্তরপত্রটি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দৃষ্টিগোচর হয়। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একটি প্রতিবেদন দাখিল করেন। পরবর্তীতে ওই ইনসিটিউটের অধ্যক্ষ ও পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোশাররফ হোসেনকে উপজেলা নির্বাহী কর্মকর্তা কারণ দর্শনোর নেটিস প্রদান করেন এবং বুধবার তাকে ভারপ্রাপ্ত কর্মকর্তার পদ থেকে বরখাস্ত করা হয়। একাডেমিক সুপার ভাইজার সাইফুর রহমানকে ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার মাগফুরুল হাসান আববাসী জানান, দায়িত্বে অবহেলার কারণে ওই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে বরখাস্ত করা হয়েছে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।